**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে 2022 সালের ফল ফলিয়েজ এবং ভ্রমণ মৌসুম শুরুর ঘোষণা দিলেন

***14 সেপ্টেম্বর থেকে শুরু করে প্রতি বৃহস্পতিবার উপলভ্য সাপ্তাহিক আই লাভ NY ফল ফলিয়েজ প্রতিবেদন দেখুন এখানে***

***জনপ্রিয় মৌসুমী আকর্ষণ ও গন্তব্য প্রদর্শন করা নতুন সম্প্রচার ও ডিজিটাল মার্কেটিং ক্যাম্পেইন দেখুন এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটের 2022 ফল ফলিয়েজ এবং ভ্রমণ মৌসুম শুরু হওয়ার ঘোষণা করলেন, আই লাভ NY-র (I LOVE NY) ফল ফলিয়েজ প্রতিবেদন (Fall Foliage Reports) ফেরত আসার এবং একটি নতুন আই লাভ NY সম্প্রচার এবং ডিজিটাল মার্কেটিং ক্যাম্পেইনের উপর আলোকপাত করলেন যা জনপ্রিয় ফল মৌসুমের কর্মকাণ্ড ও আকর্ষণকে তুলে ধরবে। এছাড়াও আই লাভ NY স্টেটের হেরিটেজ পর্যটন গন্তব্যসমূহের নেটওয়ার্কের এই বছরের পাথ থ্রু হিস্ট্রি উইকেন্ডের (Path Through History Weekend) সাথে সমন্বয় করছে, এটির নির্ধারিত সময় 8 থেকে 10 অক্টোবর, যেখানে থাকবে স্টেটের সমৃদ্ধ ইতিহাস ও ঐতিহাসিক সাইটে বিশেষ ইভেন্ট এবং সক্রিয়করণ।

"রঙ্গিন ফলিয়েজ এবং অতুলনীয় প্রাকৃতিক ল্যান্ডস্কেপ থেকে শুরু করে শ্বাসরুদ্ধকর ঐতিহাসিক সাইট এবং অনন্য স্টেট পার্কসমূহ পর্যন্ত, নিউ ইয়র্কের ফল মৌসুমের মতো আর কিছুই নেই," **গভর্নর হোকল বলেন।** "এই মৌসুমে, আমরা নিউ ইয়র্ক এবং স্টেটের বাইরের ভ্রমণকারীদের আমন্ত্রণ জানাই হেমন্তের একটি নিখুঁত অভিযান পরিকল্পনা করার জন্য, এটি হতে পারে অ্যাডিরন্ড্যাকের একটি চূড়ায় আরোহণ, বা বাফেলোর ওয়াটারফ্রন্টে হাঁটা এবং দেখা যে কী কী রয়েছে।"

ফল মৌসুম নিউ ইয়র্কের সবথেকে জনপ্রিয় ভ্রমণ মৌসুমের একটি, এটি বিশ্বের বিভিন্ন স্থান থেকে বেড়াতে আসা মানুষকে আকৃষ্ট করে যারা স্থানীয় ব্যবসাসমূহকে সমর্থন করে এবং একইসাথে স্টেটজুড়ে অনন্য ও বৈচিত্র্যময় সম্প্রদায়সমূহ ঘুরে দেখতে পারে। ভ্রমণকারী এবং ফলিয়েজপ্রেমীদের একটি ফল মৌসুমে বেড়ানোর পরিকল্পনা করতে সাহায্য করার জন্য, আই লাভ NY-র সাপ্তাহিক ফলিয়েজ প্রতিবেদন প্রকাশ করা হবে 14 সেপ্টেম্বর থেকে শুরু করে প্রতি বুধবার। এগুলি স্টেটের 11টি ভ্যাকেশন অঞ্চলজুড়ে 85 জনের বেশি স্বেচ্ছাসেবক পাতা

সন্ধানীদের আই লাভ NY দলের মাঠপর্যায়ে সকল অবস্থানের পর্যবেক্ষণ ব্যবহার করে সংকলিত করা হয়। পাতা সন্ধানীরা নিজেদের এলাকায় রং পরিবর্তনের দিকে, বিদ্যমান পাতার রং বিস্তারিতভাবে বলে, পরিবর্তনের শতাংশ অনুমান করে, এবং চূড়ান্ত পরিস্থিতির তুলনায় রং পরিবর্তন কতটা অগ্রসর হয়েছে তার নজর রাখে।

প্রতিবেদনগুলিতে এছাড়াও একটি ইন্টারেক্টিভ ফলিয়েজ মানচিত্র থাকবে, যা আই লাভ NY-র ওয়েবসাইটে পাওয়া যাবে, এটি পুরো মৌসুমে স্টেটজুড়ে সাপ্তাহিক পরিবর্তন ও অগ্রগতির লক্ষ্য করে। মানচিত্রে রয়েছে স্টেটের প্রত্যেক ভ্যাকেশন অঞ্চলে সুপারিশকৃত ফলিয়েজ দেখার অবস্থান, সেই সাথে নির্দিষ্ট এলাকার চূড়ান্ত ফলিয়েজের উদাহরণ, এবং জনপ্রিয় স্থানীয় ও আঞ্চলিক আকর্ষণের ব্যাপারে তথ্য। এখন এই বছর, ইন্টারেক্টিভ ফলিয়েজ মানচিত্রটিতে খাদ্য ও পানীয়, এবং শিল্প ও সংস্কৃতির মতো বিভাগ অনুযায়ী আকর্ষণ ফিল্টার করার একটি ব্যবস্থা থাকবে।

ভ্রমণকারীদেরকে তাদের নিউ ইয়র্ক স্টেটের ছবির মতো সুন্দর ফলিয়েজের ছবি সোশ্যাল মিডিয়াতে #NYLovesFall হ্যাশট্যাগ ব্যবহার করে শেয়ার করতে আমন্ত্রণ জানানো যাচ্ছে। এই হ্যাশট্যাগে পোস্ট করা ছবির আই লাভ NY ফল ফলিয়েজ ওয়েবসাইটে এবং আনুষ্ঠানিক আই লাভ NY সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টে স্থান পাওয়ার একটি সুযোগ রয়েছে, যেখানে দুই মিলিয়নের বেশি ফলোয়ার রয়েছে। আই লাভ NY সম্প্রতি একটি টিকটক অ্যাকাউন্ট খুলেছে আরো মানুষের কাছে পৌঁছানোর জন্য, এটি ইনস্টাগ্রাম, ফেসবুক এবং টুইটারে ইতিমধ্যে বিদ্যমান থাকা অ্যাকাউন্টসমূহের সম্পূরক।

কিছুটা এর আকার এবং অবস্থানের কল্যাণে, নিউ ইয়র্ক স্টেটে ঐতিহ্যগতভাবে দেশের দীর্ঘতম এবং সবথেকে রঙ্গিন ফলিয়েজ মৌসুমগুলির একটি রয়েছে। সেপ্টেম্বরের শেষের দিক থেকে নভেম্বরের মাঝ পর্যন্ত, যেকোনও সপ্তাহান্তে স্টেট চূড়ান্ত ফলিয়েজ দেখবে বলে অনুমান করা যাচ্ছে। ফল ফলিয়েজ প্রতিবেদনসমূহ এবং ইন্টারেক্টিভ মানচিত্রটি পাওয়া যাবে www.iloveny.com/foliage এ, বা মার্কিন যুক্তরাষ্ট্রের যেকোনও স্থান, এর টেরিটরিসমূহ এবং কানাডা থেকে টোলমুক্ত 800-CALL-NYS (800-225-5697) নম্বরে ফোন করে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "পর্যটন নিউ ইয়র্কের অর্থনীতির একটি স্তম্ভ, এবং ফলের ভ্রমণ পারিবারিক খামার ও ক্ষুদ্র ব্যবসাগুলির জন্য বিশেষ করে অত্যাবশ্যকীয়, এগুলি স্টেটব্যাপী অনেক বেশি সম্প্রদায়ের মেরুদণ্ড। এই মৌসুমটি নিউ ইয়র্কের বিভিন্ন অঞ্চল, এর প্রত্যেকটির নিজস্ব ফল উৎসব, আকর্ষণ ও ইভেন্ট যা সকলকে আমন্ত্রণ ও স্বাগত জানায়, সেই সব কিছু ঘুরে দেখার এবং অভিজ্ঞতা নিখুঁত সুযোগ প্রদান করে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভাইস প্রেসিডেন্ট এবং পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি. লেভি বলেন,** "প্রত্যেক বছর, নিউ ইয়র্ক স্টেট হেমন্তের রংয়ের স্বপ্নরাজ্য হয়ে উঠে। কোথায় রং চূড়ান্ত অবস্থায় আছে ভ্রমণকারীদের তা জানিয়ে প্রকাশ করা আমাদের সাপ্তাহিক ফলিয়েজ রিপোর্ট থেকে শুরু করে তাদেরকে আকর্ষণ ও খাবারের অভিজ্ঞতা খুঁজে বের করতে সাহায্য করার জন্য একটি ইন্টারেক্টিভ মানচিত্র, পাথ থ্রু হিস্ট্রি উইকএন্ডের একটি অংশ হিসেবে

হেরিটেজ ইভেন্টের একটি চলমান তালিকা পর্যন্ত, আই লাভ NY অতিথিদের দেশের দীর্ঘতম ও সবথেকে সুন্দর ফলিয়েজ মৌসুম গুলির একটির সম্পূর্ণ সুযোগ নিতে সাহায্য করার জন্য সকল ব্যবস্থা প্রদান করতে পেরে আনন্দিত। আমরা কাছের ও দূরের ঘুরতে আসা মানুষদের স্বাগত জানাচ্ছি এই সবকিছুর একটি অংশ হওয়ার জন্য এবং নিউ ইয়র্ক স্টেটের একটি হেমন্তের প্রেমে পড়ার জন্য।"

এছাড়াও আই লাভ NY একটি নতুন ফল মার্কেটিং ক্যাম্পেইন শুরু করবে যা ফল মৌসুমে ভ্রমণকে উৎসাহিত করবে, যেখানে থাকবে একটি নতুন 30-সেকেন্ডের স্পট যা এই মৌসুমে নিউ ইয়র্ক স্টেটজুড়ে উপভোগ করার অনেক উপায়ের কতগুলিকে তুলে ধরবে। বিজ্ঞাপনে রয়েছে পরিবারবান্ধব ফল মৌসুমের প্রিয় কাজ, যেমন স্থানীয় খামারগুলিতে ফসল কাটার ইভেন্ট, হ্যালোউইন আকর্ষণ, চিড়িয়াখানা এবং ফলিয়েজ হাইক, পাশাপাশি কুপার্সটাউনের জাতীয় বেজবল হল অফ ফেম এবং জাদুঘর (National Baseball Hall of Fame and Museum) এবং নিউ ইয়র্ক সিটির সেন্ট্রাল পার্কের মতো গন্তব্য। আজকে শুরু হওয়া ক্যাম্পেইনটি এবং বিজ্ঞাপন দেখা যাবে এখানে।

পাশাপাশি, আই লাভ NY একটি পাথ থ্রু হিস্ট্রি উইকেন্ড আয়োজন করবে, 8 থেকে 10 অক্টোবর, যেখানে স্টেটের ঐতিহাসিক এবং হেরিটেজ ভ্রমণ সাইটসমূহকে তুলে ধরা হবে। পাথ থ্রু হিস্ট্রি উদ্যোগটি স্টেটজুড়ে 700টির বেশি সাইট, আকর্ষণ এবং অবস্থান সাজাতে 14টি থিম ব্যবহার করে। পাথ থ্রু হিস্ট্রি ওয়েবসাইটে রয়েছে মানচিত্র, ইউজারের জন্য সুবিধাজনক অবস্থানের তালিকা যা থিম এবং অঞ্চল অনুযায়ী সাজানো থাকবে, এবং আপনার যাত্রার পরিকল্পনা করতে একটি যাত্রার সময়সূচি গঠনকারী। 2022 পাথ থ্রু হিস্ট্রি উইকেন্ডের ব্যাপারে আরো তথ্য পাওয়া যাবে এখানে।

নিউ ইয়র্কে বেড়ানো একটি $85.5 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক প্রভাব টিকিয়ে রাখে এবং স্টেটের প্রতিটি গৃহস্থালি যাতে বার্ষিক 1,000 মার্কিন ডলারের বেশি সাশ্রয় করতে পারে তার জন্য যথেষ্ট অর্থ অর্জন করে। পর্যটন এবং আতিথেয়তা হলো স্টেটের তৃতীয় বৃহত্তম শিল্প, এটি 11টি বেসরকারি খাতের একটিকে সমর্থন করে।

**স্টেটের সিনেটর হোসে এম. সেরানো বলেন,** "নিউ ইয়র্কে হেমন্ত বছরের খুব সুন্দর একটা সময়, বিশেষ করে আমাদের স্টেট পার্কগুলি এবং ঐতিহাসিক সাইটসমূহে। চারপাশের শ্বাসরুদ্ধকারী ফল ফলিয়েজ রং নিয়ে, আমাদের পার্কে বেড়াতে আসার এবং দারুণ বাইরের স্থানসমূহের অভিজ্ঞতা নেওয়ার সত্যিই আর ভালো সময় হয় না। আই লাভ NY ফল ফলিয়েজ প্রতিবেদনসমূহ বেড়াতে আসা মানুষদেরকে বছরের দারুণ এই সময়ে প্রকৃতির সাথে সংযুক্ত করে দেওয়ার একটি দারুণ উপায়।"

**অ্যাসেম্বলিসদস্য ড্যানিয়েল জে. ও'ডোনেল বলেন,** "নিউ ইয়র্কের ফল ফলিয়েজের আড়ম্বরের মতো আরো কিছুই হয় না। চমৎকার দৃশ্য এবং অত্যাশ্চর্য রং বিখ্যাত হওয়ার একটি কারণ আছে! আপনি প্রকৃতিপ্রেমিক বা শহুরে মানুষ যাই হন না কেন, আমি আপনাকে উৎসাহিত করছি নিউ ইয়র্কের সৌন্দর্য উপভোগ করতে যান এবং আমাদের স্টেটের প্রতিটি কোণায় থাকা দুর্দান্ত স্থানীয় আকর্ষণ ঘুরে দেখুন।"

**নিউ ইয়র্ক স্টেটের পর্যটন উপদেষ্টা পরিষদের (New York State Tourism Advisory Council) প্রধান, ক্রিস্টিন নিকোলাস বলেন,** "জনপ্রিয় গানের কথা আছে 'নিউ ইয়র্কের হেমন্ত, এটি এতো আমন্ত্রণ কেন জানায়?' কারণ গভর্নর হোকল এবং আই লাভ NY দল একটি ফল মৌসুমের ক্যাম্পেইন শুরু করতে যাচ্ছে যা ভ্রমণকারীদের আরেকবার মন্টাকের চূড়া থেকে নায়াগ্রা ফলসের বিস্ময় পর্যন্ত, শিল্পের সবথেকে রঙ্গিন কাজ উপভোগ করার জন্য উৎসাহিত করবে, যেই পথে থাকবে কিছু ভূতুড়ে মস্তকবিহীন ঘোড়সওয়ারি এবং দারুণ ভুট্টার ক্ষেত। ফল নিউ ইয়র্কের জন্য একটি গুরুত্বপূর্ণ পর্যটন মৌসুম, তাই স্টেটের পর্যটন শিল্প সত্যিই বেড়াতে আসা মানুষদের দেশের সর্ববৃহৎ এবং শ্রেয়া টেকনিকালার ল্যান্ডস্কেপে আরেকবার স্বাগত জানাতে এইসব প্রচেষ্টার প্রশংসা করছে।"

আপনার পরবর্তী নিউ ইয়র্ক স্টেট ভ্যাকেশন পরিকল্পনা করতে, ভিজিট করুন www.iloveny.com।

## নিউ ইয়র্ক স্টেট সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেট একটি প্রধান ভ্যাকেশন গন্তব্য যেখানে আছে বিশ্বমানের আকর্ষণ, ছবির মতো প্রাকৃতিক সৌন্দর্য, স্থানীয় উৎসের খাবার এবং একটি বর্ধমান ক্র্যাফ্ট পানীয়ের স্থান, বসবাসের ব্যাপক স্থান এবং বছরজুড়ে আইকনিক উৎসব ও ইভেন্ট। এর 11টি বৈচিত্র্যময় ভ্যাকেশন অঞ্চলের মধ্যে রয়েছে বিশ্বের তালিকার শীর্ষে থাকা সৈকতসমূহ; আমেরিকার শীর্ষ তিনটি প্রিয় স্টেট পার্কের মধ্যে দুইটি; শ্বাসরুদ্ধকর নায়াগ্রা ফলস; অন্য যেকোনও স্টেটের থেকে আরো বেশি স্কি এলাকা; দেশের দীর্ঘতম ফলিয়েজ মৌসুমের একটি; একাধিক হলস অফ ফেম; উত্তর আমেরিকার দীর্ঘতম, দ্রুততম এবং সবথেকে উঁচু জিপলাইন; মার্কিন যুক্তরাষ্ট্র ও সংলগ্ন এলাকার সর্ববৃহৎ সরকারিভাবে সুরক্ষিত এলাকা; এবং দেশের দীর্ঘতম বহু ব্যবহারের ট্রেইল। এর সাথে যোগ করুন স্টেটের অনন্য জাদুঘর, ঐতিহাসিক ল্যান্ডমার্ক, সাংস্কৃতিক সাইট, মনোমুগ্ধকারী ছোট টাউন এবং শহুরে খেলার মাঠ, আর তাই এটি কোনও বিস্ময়ের ব্যাপার নয় যে নিউ ইয়র্ক ধারাবাহিকভাবে ভ্রমণ প্রকাশনী ও বিশেষজ্ঞদের দ্বারা বেড়াতে আসার সেরা একটি স্থান হিসেবে নির্বাচিত হয়ে থাকে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418